AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 12 July 2026

TIME: 7:45 PM

১) নেশাযুক্ত দ্রব্য নির্মূলের গুরুত্বপূর্ন পদক্ষেপ হিসেবে আজ সমগ্র রাজ্যে ব্যাপক মাদক দ্রব্য বিনষ্টকরণ অভিযান ।

২) ড্রাগস মুক্ত আসাম গড়ার ক্ষেত্রে ড্রাগস মাফিয়ার বিরুদ্ধে রাজ্য সরকারের শূন্য সহনশীল নীতি অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

৩) আই আই টি গৌহাটীর ২৮ তম সমাবর্তনে আজ দুহাজার ২৬৬ জন শিক্ষার্থীকে স্নাতক ডিগ্রীর প্রমাণপত্র প্রদান ।

৪) শিল্পী জুবিন গার্গকে অসম সাহিত্য সভার মরণোত্তরভাবে সংগীত সুধাকর সম্মান ।

নেশাযুক্ত দ্রব্য নির্মূলের দিকে গুরুত্বপূর্ন পদক্ষেপ হিসেবে আজ সমগ্র রাজ্যে মাদক দ্রব্য বিনষ্টকরন অভিযান চালানো হয় । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে আজ নলবারী দৌলশালর চতুর্দ্দশ আসাম পুলিশ বাহিনীর মুখ্য কার্যালয়ে আয়োজিত কার্যসূচীতে ৪৭২

কোটি  ৫১ লক্ষ টাকা মূল্যের মাদক দ্রব্য ধ্বংস করা হয় । মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে বৃহৎ পরিমানের ড্রাগস ধ্বংস করা সহ রাজ্যের ড্রাগস মাফিয়ার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করে যাওয়া হবে বলে প্রতিশ্রুতি দেন ।

বাইট ( সি এম )

.......................................................................................................

শিক্ষা , তথ্য প্রযুক্তি ও সমতল জনজাতি বিভাগের মন্ত্রী ডা: রণোজ পেগু আজ ধেমাজি চিকিৎসা মহাবিদ্যালয়ের নির্মাণ কাজ  পরিদর্শন করে বিস্তারিত খোজ নেন । মন্ত্রী আগামী বছরের মার্চ মাসের মধ্যে চিকিৎসা মহাবিদ্যালয়ের নির্মান কাজ সম্পূর্ন করার লক্ষ্য গ্রহণ করা হয়েছে বলে উল্লেখ করেন । আগামী শৈক্ষিক বর্ষ থেকে চিকিৎসা মহাবিদ্যালয়ের  প্রশাসনিক কাজ কর্ম আরম্ভ করা হবে বলে তিনি মন্তব্য করেন ।মহাবিদ্যালয়ের পরিকাঠামো নির্মাণের কাজ প্রায় সম্পূর্ন হয়েছে যদি ও মহাবিদ্যালয়ের নির্মান কাজ প্রায় ৬০ শতাংশ হয়েছে বলে তিনি জানান ।

.......................................................................................................

ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান আই আই টি গৌহাটীর ২৮ তম সমাবর্তন সমারোহ আজ অনুষ্ঠিত হয় । এই সমাবর্তনে দুহাজার ২৬৬ জন শিক্ষার্থীকে স্নাতক ডিগ্রীর প্রমাণপত্র প্রদান করা হয় । অনুষ্ঠানে জাতীয় গবেষণা ফাউন্ডেশনের মুখ্য কার্যবাহী আধিকারিক ড: শিবকুমার কল্যাণরামণ মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । আজকের অনুষ্ঠানে রাষ্ট্রপতি সোণার পদক , শংকর দয়াল শর্মা সোণার পদক সহ অন্য চার কৃতী শিক্ষার্থী পুরস্কার প্রদান করা হয়

।এই সমাবর্তনের পর আই আই টি গৌহাটীর সঞ্চালক ড: দেবেন্দ্র জলিহাল সাংবাদিক সম্মেলনে শিক্ষার্থীদের সময়োপযোগী শিক্ষার মাধ্যমে জাগীরোডে নির্মীয়মান সেমি কন্ডাক্টর প্রকল্পে নিয়োজিত করার জন্য দক্ষ করে তোলা হবে বলে উল্লেখ করেন । উল্লেখ্য গত ২৭ বছরে আই আই টি গৌহাটী ২৬ হাজারের ও বেশী  শিক্ষার্থীকে ডিগ্রী প্রদান করেছে ।

.................................................................................................

কৃষিমন্ত্রী পীযুষ হাজারিকা জানিয়েছেন যে  গতকাল রাজ্যের চার হাজার ৭০৭ জনের ও বেশী কৃষকের পঞ্জীয়ন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে । সামাজিক মাধ্যমে এক বার্তায় একথা জানিয়ে মন্ত্রী বলেন যে নগাঁও , বিশ্বনাথ , ধুবরী , শোনিতপুর , শিবসাগর , লখিমপুর এবং চরাইদেও জেলায় ঘরে ঘরে কৃষক পঞ্জীয়ন শুরু হয়েছে । এটি কৃষি খন্ডের উন্নয়নের যাত্রার অংশ বলে উল্লেখ করে তিনি বলেন যে কৃষকদের উত্তরণ এবং অগ্রগতির জন্য কৃষি বিভাগ প্রতিশ্রুতিবদ্ধ । কৃষিবিভাগ আগামী বছর থেকে নারিকেল , সুপারী ইত্যাদি চাষ করার সুবিধা প্রদান করবে বলে তিনি জানান ।

.................................................................................................

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য গতকাল লোকভবনে আয়োজিত এক অনুষ্ঠানে বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ মাউন্ট এভারেষ্ট আরোহন করা রাজ্যের প্রথম মহিলা এরূপামণি গড়কে সম্বর্ধনা জ্ঞাপন করেন । এই অসাধারণ সাফল্যের জন্য শ্রীমতি গড়কে অভিনন্দন জানিয়ে রাজ্যপাল বলেন যে তাঁর এই কৃতিত্ব , অদম্য সাহস , দৃঢ়তা এবং উদ্যমের উজ্জ্বল নিদর্শন ।পর্বতারোহী শ্রীমতি গড়ের এই সাফল্য যুব প্রজন্ম বিশেষ করে মেয়েদেরকে স্বপন দেখতে এবং শ্রেষ্ঠত্ব অর্জনের পথে ব্রতি হতে

অনুপ্রাণিত করবে । উল্লেখ্য রূপামণি গড় গত ২১ শে মে ভারত তিব্বত সীমান্ত পুলিশের প্রথম মহিলা আন্তর্জাতিক এভারেষ্ট আরোহন দলের সদস্যা হিসেবে মাউন্ট এভারেষ্ট শৃঙ্গ সফলভাবে আরোহন করেছিলেন ।

....................................................................................................

আসাম সাহিত্য সভা জুবিন গার্গকে মরণোত্তরভাবে সংগীত সুধাকর সম্মান প্রদান করবে । আজ গৌহাটীর ভগবতীপ্রসাদ বরুয়া ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সাহিত্য সভার সম্পাদক দেবজিৎ বরা একথা জানান । এসম্পর্কে অসম সাহিত্য সভার পঞ্চরত্ন গৌহাটী অধিবেশনের প্রতিনিধি সভার গ্রহণ করা সিদ্ধান্তকে সভার কর্নধার সমিতি অনুমোদন জানায় । গৌহাটীর সংগীতাচার্য লক্ষ্মীরাম বরুয়া সদনে আগামী ৩০ শে জুলাই আয়োজন করা এক আনুষ্ঠানে শিল্পীকে মরণোত্তরভাবে এই সম্মান প্রদান করা হয় । সাহিত্য সভার সভাপতি ড: বসন্ত কুমার গোস্বামী আনুষ্ঠানিকভাবে জুবিন গার্গকে এই সম্মান প্রদান করবে ।

....................................................................................................

জুবিন গার্গ মৃত্যু মামলার বিচার প্রক্রিয়া আগামীকাল থেকে ধারাবাহিকভাবে বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাস্ট ট্র্যাক আদালতে পুনরায় আরম্ভ হবে । আগামীকাল জুবিন গার্গের বোন পামী বরঠাকুর এবং বন্ধু জয়ন্ত কাকতি আদালতে সাক্ষ্য প্রদান করবেন । এদিকে এই মামলার অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার গুয়াহাটী হাইকোর্টে দাখিল করা একটি আবেদনের ও আগামীকাল শুনানী গ্রহণ করা হবে । এছাড়া ফাস্ট ট্র্যাক আদালতের মামলার ধারা আরোপের নির্দেশকে প্রত্যহ্বান

জানিয়ে অভিযুক্ত সন্দিপন গার্গের হাইকোর্টে দাখিল করা একটি আবেদনের ও আগামীকাল শুনানি গ্রহণ করা হবে ।

.................................................................................................

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে সরকারী হাসপাতালের সংবেদনশীল এবং সংরক্ষিত এলাকাগুলিতে জনসাধারণের বিনা অনুমোদিত প্রবেশ এবং যেকোন ধরনের রেকডিং-এর উপর ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে সরকারী হাসপাতালগুলির আই সি ইউ , হাই ডিপেন্ডেন্সি ইউনিট , ইমারজেন্সি ইউনিট , অপারেশ থিয়েটার কমপ্লেক্স , লেবার রুম এবং অন্যান্য সংরক্ষিত এলাকায় যেকোন ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে ছবি তোলা , ভিডিওগ্রাফি ,অডিও রেকর্ডিং বা লাইভ স্ট্রিমিং করা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে । নিষেধাজ্ঞায় আরো বলা হয়েছে যে সংরক্ষিত এলাকাগুলিতে শুধুমাত্র অনুমোদিত স্বাস্থ্যকর্মী বা স্বাস্থ্য আধিকারিকরা প্রবেশ করতে পারবেন । হাসপাতাল কর্তৃপক্ষকে এই নিষেধাজ্ঞা কঠোরভাবে বলবৎ করতে জেলা আয়ুক্ত নির্দেশ দিয়েছেন ।

.................................................................................................

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর দ্বিতীয় লিংক রোডে ক্রস কালভার্ট নির্মানের জন্য , ঔই সড়ক দিয়ে সবধরনের যান চলাচল  আগামী ১৮ই জুলাই পর্য্যন্ত বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে এই সময়কালে জনসাধারনকে বিকল্প সড়ক হিসেবে শিলচর প্রথম লিংক রোড ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

.................................................................................................

বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতার আজ সকালের কোয়াটার ফাইনালে আর্জেনটিনা ৩-১ গোলের ব্যবধানে সুইজারল্যান্ডকে পরাজিত করে ।

এর আগে গতকাল রাতে ফ্লোরিডায় অনুষ্ঠিত তৃতীয় কোয়াটার ফাইনালে ইংল্যান্ড ২-১ গোলে নরওয়েকে পরাজিত করে বিশ্বকাপের সেমি-ফাইনালে প্রবেশ করে । এদিকে আগামী বুধবার প্রতিযোগীতার প্রথম সেমি-ফাইনালে ফ্রান্স খেলবে স্পেনের বিরুদ্ধে । খেলাটি ভারতীয় সময় রাত সাড়ে ১২টায় অনুষ্ঠিত হবে । প্রতিযোগীতার দ্বিতীয় সেমি-ফাইনাল আগামী বৃহস্পতিবার আর্জেনটিনা ও ইংল্যান্ডের মধ্যে অনুষ্ঠিত হবে । খেলাটি ভারতীয় সময় রাত সাড়ে চারটায় অনুষ্ঠিত হবে ।

---

অষ্টম আয়োধনা আন্ত:রাষ্ট্রীয় ফিডে রেটিং দাবা প্রতিযোগীতায় পশ্চিমবঙ্গের অংকিত দাস বিজয়ী হয়েছে । অংকিত প্রতিযোগীতার নবম রাউন্ডে মহারাষ্ট্রের ওয়াংখেরে সংস্কৃতিকে পরাজিত করে খেতাপ অর্জন করে । প্রতিযোগীতায় অসমের অভ্রজ্যোতি নাথ ষষ্ট স্থান লাভ করে । উল্লেখ্য গত ৮ই জুলাই থেকে অনুষ্ঠিত প্রতিযোগীতায় আয়োজক আসাম সহ সমগ্র দেশের মোট ৪২৩ জন প্রতিযোগী অংশ গ্রহন করেছে ।

---